

তারিখ ... ..  
পৃষ্ঠা ৭ কলাম ৩

## ফেনী আলীয়া মাদ্রাসার অধ্যক্ষের বিরুদ্ধে প্রতারণার দায়ে পুলিশের চার্জশিট

ফেনী থেকে সংবাদদাতা : ফেনী আলীয়া মাদ্রাসার অধ্যক্ষ মওলানা আবদুল কুদ্দুছ ভূঞার বিরুদ্ধে প্রতারণার দায়ে পুলিশ চার্জশিট দাখিল করেছে। পরিচালনা কমিটি তাকে সাময়িকভাবে বরখাস্ত করে মওলানা মাহমুদুল হাসানকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদে দায়িত্ব দিয়েছেন।

সংশ্লিষ্ট সূত্র জানায়, ফেনী আলীয়া মাদ্রাসার অধ্যক্ষ মওলানা আবদুল কুদ্দুছ ভূঞা কামিল পরীক্ষায় বহিষ্কৃত এক ছাত্রকে প্রতারণার মাধ্যমে উত্তীর্ণ সনদ প্রদান করেন। ওই ঘটনায় ফেনী থানায় একটি মামলা হলে দীর্ঘ তদন্ত শেষে অধ্যক্ষ মওলানা আবদুল কুদ্দুছ ভূঞাকে অভিযুক্ত করে চার্জশিট প্রদান করলে ফেনী থানা পুলিশ গত বৃহস্পতিবার রাতে নিজ বাসা থেকে অধ্যক্ষকে গ্রেফতার করে। সোমবার তিনি জামিনে বের হয়ে আসেন। এদিকে সোমবার আলীয়া মাদ্রাসার এডহক কমিটির এক সভা ফেনী জেলা প্রশাসক এ এফ এম সোলায়মান চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অধ্যক্ষ মওলানা আবদুল কুদ্দুছ ভূঞাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে এবং জেলা আওয়ামী ওলামা লীগের শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক মওলানা মাহমুদুল হাসানকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব

দেয়া হয়। ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাহমুদুল হাসানকে নিয়ে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে।

জানা গেছে, তিনি বছর তিনেক আগে শহীদ মিনারে পুস্তার্থ্য দিয়ে ব্যাপক সমালোচিত হয়েছিলেন। তখন তিনি ফেনী বড় মসজিদের ইমামের দায়িত্বে ছিলেন। সমালোচনার ঝড় উঠলে তিনি ইমামতি থেকে অবসর গ্রহণ করেন। তখন সাবেক আওয়ামী লীগ সংসদ সদস্য জয়নাল হাজারির আশীর্বাদে তিনি ফেনী আলীয়া মাদ্রাসার শিক্ষক পদে যোগদান করেন।

অন্যদিকে বরখাস্ত হওয়া অধ্যক্ষ আবদুল কুদ্দুছ ভূঞার বিরুদ্ধে মাদ্রাসার দোকানঘর ভাড়া ও সেলামি বাবদ গ্রহণ করা টাকা আত্মসাৎ করেছেন বলেও অভিযোগ উঠেছে।